# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

অফিস ফোন ঃ ৯৫৫৩৫৩৫
e-mail : dgmcsd@krishibank.org.bd


## প্রকিউরমেন্ট বিভাগ

নং প্রকা/প্রকিউর-৫(১১)অংশ-২৪/২০১৭-২০১৮/৭৪৯(১২৫০) তারিখ ঃ ০৪-০৩-২০১৮

০১। সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়

০২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়

০৩। সকল উপমহাব্যবস্থাপক
কর্পোরেট শাখা

০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়

০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

০৬। সকল শাখাব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা/কার্যালয়ের সাইন বোর্ডের নমুনা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল কার্যালয় ও শাখার সাইনবোর্ড ও ইন্ডিকেটর নতুন তৈরি ও স্থাপনের সুবিধার্থে প্রকিউরমেন্ট বিভাগ (সাধারণ সেবা বিভাগ) এর ২৮-০২-২০১৩ খ্রিঃ তারিখের প্রশাসন পরিপত্র নং ০৫/২০১৩ এ উল্লেখিত সাইনবোর্ড তৈরির নমুনা, সাইজ, কাঠামো ও উপকরণ, লেখার ফন্ট সাইজ, লেখার ধরন ও রং বিন্যাস, সাইনবোর্ড স্থাপন এবং বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিত নির্দেশনা নিম্নে হুবহু মুদ্রণ করা হলো ঃ

২ ঃ (ক) সাইন বোর্ড ঃ

১) নমুনা ঃ

সাইনবোর্ডটি হালকা বোতলগ্রীন রং এর উপর সাদা অক্ষরে লিখতে হবে। উক্ত নমুনা মোতাবেক সাইনবোর্ড তৈরী ও স্থাপনের জন্য শাখা/কার্যালয় সমূহকে অনুরোধ করা হলো। অনুসরণের সুবিধার্থে নমুনার একটি রঙ্গিন কপি সংযুক্ত করা গেল ঃ

| | |
|---|---|
| **বাংলাদেশ কৃষি ব্যাংক** | |
| গ্রামবাংলার গণমানুষের ব্যাংক | বহলবাড়ীয়া শাখা, কুষ্টিয়া |
| **Bangladesh Krishi Bank** | Bahalbaria Branch,Kushtia |
| www.krishibank.org.bd | |

২) সাইজ ঃ

(ক) নিয়ন্ত্রণকারী কার্যালয়/কর্পোরেট শাখা/নগর ও জেলা শাখা/বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ শাখার জন্য সাইন বোর্ড হবে ১৫' × ৩' সাইজের।

(খ) উপজেলা সদর/পৌরসভা/ইউনিয়ন/হাট-বাজারে অবস্থিত শাখা সমূহের সাইন বোর্ড হবে ১২' × ৩' সাইজের।

(গ) তবে শাখা/কার্যালয় ভবনের যে স্থানে সাইনবোর্ডটি স্থাপিত হবে উক্ত স্থানের দৈর্ঘ্য-প্রস্থের সাথে সংগতি রেখে সাইনবোর্ডের সাইজ প্রয়োজন মোতাবেক বড়/ছোট করা যাবে।

৩) কাঠামো ও উপকরণ ঃ

(ক) নিয়ন্ত্রণকারী কার্যালয়/কর্পোরেট শাখা/নগর ও জেলা শাখা/বাণিজ্যিক ভাবে গুরুত্বপূর্ণ শাখাসমূহের জন্য ১" × ১" সাইজের এ্যালুমিনিয়াম চ্যানেল দ্বারা ১৫' × ৩' সাইজের এ্যালুমিনিয়াম প্রোফাইল লাইট বক্স তৈরী করে এর অভ্যন্তরে প্রয়োজনীয় সংখ্যক টিউবলাইট সংযোজনপূর্বক উপরের ২(ক) এ উল্লেখিত নমুনা মোতাবেক প্যানাফ্ল্যাক্স প্রিন্ট (রিভার্স প্রিন্ট) তৈরী করে বক্সের সম্মুখাংশে স্থাপন করে দিতে হবে।

(খ) উপজেলা সদর/পৌরসভা/ইউনিয়ন/হাট-বাজারে অবস্থিত শাখা সমূহের জন্য ১$\frac{১}{২}$' × ১$\frac{১}{২}$" এমএস এ্যাঙ্গেল ও ১$\frac{১}{২}$ এমএস ফ্লাটবার সমন্বয়ে ফ্রেম তৈরী করতে হবে। ফ্রেমের উপরের অংশে ২০ গেজ স্টিল সীট ওয়েল্ডিং করে স্থাপন করতে হবে। সাইনবোর্ডের ফ্রেমের সাথে সামঞ্জস্য রেখে উপরের ২(ক) এ উল্লেখিত নমুনা মোতাবেক PVC/Inkjet (ডিজিটাল) প্রিন্ট তৈরী করে স্টিলের সীটের উপর পেস্ট করে দিতে হবে। রাত্রীকালীন সময়ে দৃষ্টিগোচর হওয়ার জন্য সাইনবোর্ডের উপরে ০২(দুই) পার্শ্বে ০২টি বৈদ্যুতিক লাইট স্থাপন করা যেতে পারে।

চলমান পাতা ঃ ০২

৪) <u>লেখার ফন্ট সাইজ</u> ঃ

উপরে উল্লেখিত উভয় সাইজের সাইনবোর্ড লেখনীতে নিম্নলিখিত ফন্ট সাইজ (Font Size) ব্যবহৃত হবে ঃ

| | |
|---|---|
| বাংলাদেশ কৃষি ব্যাংক | = ফন্ট সাইজ 644 |
| গ্রাম বাংলার গণমানুষের ব্যাংক | = ফন্ট সাইজ 239 |
| Bangladesh Krishi Bank | = ফন্ট সাইজ 369 |
| www.krishibank.org.bd | = ফন্ট সাইজ 221 |
| বাংলায় শাখা ও অঞ্চলের নাম | = ফন্ট সাইজ 361 |
| ইংরেজীতে শাখা ও অঞ্চলের নাম | = ফন্ট সাইজ 213 |

৫) <u>লেখার ধরন ও রং বিন্যাস</u> ঃ

সকল সাইন বোর্ডের লেখা ও রং, নির্বাচিত নমুনা ও রং এর আঙ্গিকে হবে। কৃষি ব্যাংকের মনোগ্রাম সাইনবোর্ডের বাম পার্শ্বে মাঝা-মাঝি অবস্থানে পরিমিত সাইজে হবে। মনোগ্রামকে কেন্দ্রে রেখে একটি সরলরেখার দ্বারা সাইনবোর্ডকে বাম এবং ডান ০২ (দুই) ভাগে বিবেচনায় এনে বাম পার্শ্বে উপরে **"বাংলাদেশ কৃষি ব্যাংক"** বাংলায় বড় অক্ষরে লেখতে হবে এবং এর নীচে বাংলায় ছোট ফন্টে **"গ্রাম বাংলার গণ মানুষের ব্যাংক"** লেখা থাকবে। **"বাংলাদেশ কৃষি ব্যাংক"** লেখার ডান দিকে একটু নীচে **"গ্রাম বাংলার গণ মানুষের ব্যাংক"** লেখার সাইন বরাবর ডানে **"শাখার নাম"** ও **"মুখ্য অঞ্চল/অঞ্চলের নাম"** লেখা থাকবে। সাইনবোর্ডকে দুইভাগে বিভক্তকারী সমান্তরাল রেখার নীচে বাম পার্শ্বে (বাংলাদেশ কৃষি ব্যাংক এবং গ্রাম বাংলার গণ মানুষের ব্যাংক লেখা বরাবর নীচে) ইংরেজীতে **"Bangladesh Krishi Bank"** এবং এর নীচ বরাবর ইংরেজীতে ব্যাংকের ওয়েব সাইট **(www.krishibank.org.bd)** লেখতে হবে। ইংরেজীতে লেখা **"Bangladesh Krishi Bank"** এর সমান্তরালে ডানপার্শ্ব বরাবর সরল রেখার নীচে ছোট অক্ষরে ইংরেজীতে **"শাখার নাম ও মুখ্য অঞ্চল/অঞ্চলের নাম"** লেখতে হবে। সাইন বোর্ডের সকল লেখা নমুনা মোতাবেক নির্দেশিত ফন্টে হবে। মনোগ্রাম,সরল রেখা ও সকল লেখাতে সাদা রং ব্যবহার করতে হবে।

৬) <u>সাইন বোর্ড স্থাপন</u> ঃ

শাখা/কার্যালয় ভবনের সম্মুখে দৃশ্যমান স্থানে সাইনবোর্ড স্থাপন করতে হবে।

৭) <u>বাস্তবায়ন</u> ঃ

(ক) এখন থেকে যে সকল নতুন শাখা খোলা হবে সে সকল শাখায় অনুমোদিত নমুনায় (যেখানে যেটি প্রযোজ্য হবে) সাইনবোর্ড তৈরী ও স্থাপন করতে হবে।

(খ) যে সকল শাখা/কার্যালয়ের সাইনবোর্ড ০৫ (পাঁচ) বছর ও তদুর্ধ্ব সময়ের তৈরী, অতি পুরাতন, জীর্ণ এবং লেখা ও রং অস্পষ্ট হয়ে গেছে সেগুলো সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয়ের অনুমোদনক্রমে পরিবর্তনযোগ্য হবে।


(গ) ০৫ (পাঁচ) বছর এবং তদনিম্ন সময়ের মধ্যে তৈরী সাইনবোর্ড সমূহের যেগুলো প্রাকৃতিক বা অন্য কোন কারনে বিনষ্ট/মলিন হয়ে গেছে সেগুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিবর্তনযোগ্য হবে।

(ঘ) বাণিজ্যিক ভাবে গুরুত্বপূর্ণ শাখা সংজ্ঞায়িত না থাকায় বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ বিবেচনায় কোন শাখার জন্য সাইনবোর্ড তৈরীর পূর্বে প্রধান কার্যালয়ের পূর্ব অনুমোদন প্রয়োজন হবে। এ ক্ষেত্রে অনুমোদন ব্যতিত কোন সাইনবোর্ড তৈরী ও স্থাপন করা যাবে না।

(ঙ) সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষগণ নতুন সাইনবোর্ড তৈরীর প্রস্তাব অনুমোদনের পূর্বে অত্র পরিপত্রে বর্ণিত নীতিমালা মোতাবেক উহার প্রয়োজনীয়তার বিষয়টি নিশ্চিত করবেন।

২ ঃ (খ) <u>ইন্ডিকেটর</u> ঃ

যে সকল শাখা/কার্যালয় ভবন, মূল সড়ক হতে ভিতরে এবং মূল সড়ক হতে শাখার অবস্থান সহজে দৃষ্টিগোচর হয় না, সেই সকল শাখা/কার্যালয়ের মূল সড়ক হতে প্রবেশ পথের পার্শ্বে দর্শনীয় স্থানে $2\frac{1}{2}' \times 1\frac{1}{2}'$ সাইজের চারিদিকে লাল রং এর বর্ডার এবং বর্ডারের ভিতরে হালকা বোতল গ্রীন রং এর উপর সাদা রং এর লেখা, ইন্ডিকেটর বোর্ড তৈরী ও স্থাপন করে শাখার অবস্থান নির্দেশ করতে হবে। অনুসরণের সুবিধার্থে একটি নমুনা নিম্নে প্রদত্ত হলো ঃ




০২। সম্প্রতি ব্যাংকের নির্বাহীগণ মাঠ পর্যায়ে পরিদর্শনকালে অনেক কার্যালয়/শাখার সাইনবোর্ড জরাজীর্ণ অবস্থায় রয়েছে মর্মে অত্র বিভাগকে মৌখিকভাবে অবহিত করা হয়। তাছাড়া প্রাকৃতিক দুর্যোগের কারণে অনেক কার্যালয়/শাখার সাইনবোর্ড বিনষ্ট হওয়ার পর নতুন সাইনবোর্ড স্থাপন করা হয়নি। ইন্ডিকেটর বোর্ড না থাকায় অনেক মাঠ কার্যালয়ের অবস্থান খুঁজে পেতে সমস্যা হয়। তাছাড়া তথ্য ও প্রযুক্তি নির্ভর বাংলাদেশে অন্যান্য ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এমনকি শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানে ব্যবহৃত ডিজিটাল সাইনবোর্ডের সাথে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিদ্যমান সাইনবোর্ড মানানসই নয়। অত্র ব্যাংকের কার্যালয় ও শাখাসমূহ দেশের শহর হতে সুদূর প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত বিস্তৃত। ইহা গণমানুষের ব্যাংক হওয়ায় এর প্রতিটি কার্যালয় ও শাখা সহজে দৃষ্টিগোচর হওয়া আবশ্যক।

চলমান পাতা ঃ ০৩

০৩। বর্ণিত অবস্থায়,

(ক) প্রশাসন পরিপত্র নং ০৫/২০১৩ এর আলোকে যে সকল নিয়ন্ত্রণকারী কার্যালয়/কর্পোরেট শাখা/নগর ও জেলা শাখা/বাণিজ্যিক ভাবে গুরুত্বপূর্ণ শাখা কর্তৃক ইতোমধ্যে ডিজিটাল সাইনবোর্ড তৈরি করে স্থাপন করা হয়েছে সে সকল সাইনবোর্ড মেরামত ও রক্ষনাবেক্ষণের মাধ্যমে সচল রাখা,

(খ) যে সকল নিয়ন্ত্রণকারী কার্যালয়/কর্পোরেট শাখা/নগর ও জেলা শাখা/বাণিজ্যিক ভাবে গুরুত্বপূর্ণ শাখায় পরিপত্রের আলোকে এখনও ডিজিটাল সাইনবোর্ড স্থাপন করা হয়নি সে সকল শাখাসহ উপজেলা সদর ও পৌরসভা শাখায় নতুন করে ডিজিটাল সাইনবোর্ড তৈরিপূর্বক স্থাপন এবং

(গ) যে সকল ইউনিয়ন ও হাট-বাজারে অবস্থিত শাখাসমূহের সাইনবোর্ড ইতোমধ্যে পুরাতন, জীর্ণ এবং লেখার রং অস্পষ্ট হয়েছে এবং প্রাকৃতিক দুর্যোগে ভেঙ্গে গেছে সে সকল শাখার সাইনবোর্ড সংশ্লিষ্ট পরিপত্রের আলোকে পুণরায় নতুন করে তৈরিপূর্বক স্থাপন করতে হবে।

০৪। <u>বাজেট বরাদ্দ</u> ঃ কার্যালয় ও শাখাসমূহের সাইনবোর্ড ও ইন্ডিকেটর তৈরি ও স্থাপন কাজের খরচ স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কার্যালয়ের আসবাবপত্র ও সাজ-সরঞ্জাম খাতে বাজেট বরাদ্দ হতে ব্যয় হবে।

০৫। <u>তত্ত্বাবধান</u> ঃ ব্যাংক বিধি মোতাবেক বাজার দর যাচাই করে সাশ্রয়ী মূল্যে শাখাসমূহের সাইনবোর্ড ও ইন্ডিকেটর তৈরি ও স্থাপন কাজ সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে সম্পন্ন করতে হবে।

০৬। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল কার্যালয় ও শাখাসমূহের সাইনবোর্ড ও ইন্ডিকেটর প্রশাসন পরিপত্র নং ০৫/২০১৩ তারিখ ঃ ২৮-০২-২০১৩ এর নির্দেশনা মোতাবেক এবং পত্রের ০৩নং অনুচ্ছেদের আলোকে স্থাপন করতঃ বিদ্যমান অবস্থার তথ্যাদি আগামী ১৫-০৩-২০১৮ তারিখের মধ্যে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কার্যালয়ের মাধ্যমে প্রকিউরমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**অনুমোদনক্রমে,**

আপনার বিশ্বস্ত

০৪/০৩/১৮

(মোঃ ফজলুল হক)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো</u> ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। নথি/মহানথি।